যে আমারে দিয়েছে ডাক,
বচনহারা আমাকে দিয়েছে বাক্ ।
যে আমারি জেনেছে নাম,
ওগো তারি নামখানি মোর হৃদয়ে থাক্ ।
আমি তারি বিচ্ছেদদহনে
তপ করি চিত্তের গহনে ।
দুঃখের পাবকে হয়ে যায় শুদ্ধ
অন্তরে মলিন যাহা আছে রুদ্ধ,
অপমান-নাগিনীর খুলে যায় পাক ॥

---

Parjaay: Chandalika, Taal: Kaharwa, Raag: Mishra-Kedara

Visit www.geetabitan.com for notation and other detail